# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ অস্ত্রের ঝনাঝনানি (الكِفَاحُ الدَامِيْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মুসমানদের জন্য মসজিদুল হারামের দরজা বন্ধ করে দেয়ার ঘোষণা (إِعْلَانُ عَزِيْمَةِ الصَّدِّ عَنْ الْمَسْجِدِ الْحَرَامِ):

এরপর সা'দ ইবনু মু'আয (রাঃ) উমরাহ করার উদ্দেশ্যে মক্কায় আগমন করেন এবং উমাইয়া ইবনু খালফের অতিথি হন। তিনি উমাইয়াকে সম্বোধন করে বলেন, 'আমার জন্য এমন এক সময়ের ব্যবস্থা করে দাও যখন আমি নির্জনে বায়তুল্লাহর ত্বাওয়াফ করতে পারি। সেই মোতাবেক উমাইয়া খরতপ্ত দুপুরে তাকে নিয়ে পথে বের হলে পথে আবূ জাহলের সঙ্গে সাক্ষাৎ হয়ে যায়। সে উমাইয়াকে সম্বোধন করে বলে, 'হে আবূ সাফওয়ান, তোমার সঙ্গে ঐ লোকটি কে?'

উত্তরে উমাইয়া বলল, 'এ হচ্ছে সা'দ (রাঃ)।'

আবূ জাহল তখন সা'দ (ﷺ)–কে লক্ষ্য করে বলল, 'আমি দেখছি যে, তুমি বড় নিরাপদে ত্বাওয়াফ করতে রয়েছ, অথচ তোমরা বেদ্বীনদেরকে আশ্রয় দিয়েছ এবং তাদেরকে সাহায্য করারও সিদ্ধান্ত নিয়েছ। আল্লাহর কসম! যদি তুমি আবূ সাফওয়ানের সঙ্গে না থাকতে তবে নিরাপদে ফিরে যেতে পারতে না।

তার একথা শুনে সা'দ (রাঃ) উচ্চ কণ্ঠে বললেন, 'দেখো আল্লাহর কসম! যদি তুমি আমার একাজে প্রতিবন্ধকতা সৃষ্টি কর তবে তোমার এমন কাজে আমি প্রতিবন্ধক হয়ে দাঁড়াব যা তোমাদের জন্য হবে অত্যন্ত ভয়াবহ এবং তা হবে মদীনার পাশ দিয়ে চলে যাওয়া বাণিজ্য পথটি।[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২য় খন্ড, কিতাবুল মাগাযী ৫৬৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6172

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন